

## ফের বাড়লো জেট ফ্যুয়েলের দাম

- A Monitor Desk Report

Date: 14 August, 2025



ঢাকাঃ উড়োজাহাজে ব্যবহৃত জ্বালানি তেল জেট ফ্যুয়েলের দাম বাড়ানো হয়েছে। বুধবার (১৩ আগস্ট) নতুন দাম ঘোষণা করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)।

নতুন দাম অনুযায়ী, উড়োজাহাজের অভ্যন্তরীণ ফ্লাইটে প্রতি লিটার ১ টাকা ৬০ পয়সা বাড়িয়ে জেট ফ্যুয়েলের দাম ৯৯ টাকা ৬২ পয়সা ও আন্তর্জাতিক ফ্লাইটে এক সেন্ট বাড়িয়ে ৬৫ সেন্ট নির্ধারণ করা হয়েছে।

এর আগে গত জুলাই মাসে প্রতি লিটার জেট ফ্যুয়েলের দাম ৯৩ টাকা ৫৭ পয়সা থেকে বাড়িয়ে ৯৮ টাকা ২ পয়সা করা হয়।

আগে জেট ফ্যুয়েলের দাম নির্ধারণ করত বিপিসি। অন্তর্বর্তী সরকার ক্ষমতা গ্রহণের পর নির্বাহী আদেশে বিদ্যুৎ ও গ্যাসের দাম নির্ধারণের ধারা বাতিল করে দিয়েছে। এরপর গত বছরের ১৫ সেপ্টেম্বর এক প্রজ্ঞাপনের মাধ্যমে ফার্নেস অয়েল, জেট এ-১-এর দাম নির্ধারণের এখতিয়ার বিইআরসির ওপর ন্যস্ত করা হয়।

প্রজ্ঞাপনের পর গত ২৩ মার্চ প্রথমবারের মতো জেট ফ্যুয়েলের দাম নির্ধারণের গণশুনানি গ্রহণ করে বিইআরসি।

এরপর থেকে প্রতি মাসে দাম সমন্বয় করা হচ্ছে।

বিপিসির বার্ষিক প্রতিবেদন অনুযায়ী, ২০২২-২৩ অর্থবছরে জেট ফ্যুয়েল বিক্রির পরিমাণ ছিল ৪ লাখ ৭১ হাজার ৫৩৫ টন, যা ২০২৩-২৪ অর্থবছরে বেড়ে দাঁড়িয়েছে ৫ লাখ ৪১ হাজার ৩৩ টনে।

